'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

SEC 1st Semester Examination, 2024

## SEC - POOASEC101-BENGALI

### বাংলা ভাষায় সংযোগ-দক্ষতা

Time Allotted: 2 Hours | Full Marks: 40

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ২×২ = ৪

(ক) সাক্ষাৎকার গ্রহণ কাকে বলে ?

(খ) দলবদ্ধ আলোচনা বলতে কী বোঝো ?

(গ) কাল্পনিক সংলাপের প্রধান দু'টি শর্ত লেখো।

(ঘ) প্রাতিষ্ঠানিক সম্ভাষণ বলতে কী বোঝো ? তোমার কলেজের অধ্যক্ষর সঙ্গে কথা বলতে গেলে কীভাবে সম্ভাষণ করবে ?

২। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×২ = ৬

(ক) কোনো চাকরির পরীক্ষায় সাক্ষাৎকার দিতে গেলে কী কী বিষয় গুরুত্ব দিতে হবে ?

(খ) কাল্পনিক সংলাপ ও বিতর্কসভার বক্তৃতার মধ্যে পার্থক্য কী ?

(গ) দলবদ্ধ আলোচনায় প্রথম বক্তা ও শেষ বক্তার কী ভূমিকা থাকে ?

(ঘ) একজন খেলোয়াড়ের সাক্ষাৎকার গ্রহণের সময় যেসব প্রশ্ন করা যেতে পারে তার তিনটি উদাহরণ দাও।

৩। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৩ = ১৮

(ক) দলবদ্ধ আলোচনার প্রধান শর্তগুলি লিপিবদ্ধ করো।

(খ) বাজারে জিনিসপত্রের চড়া দাম — এই নিয়ে দুই প্রতিবেশীর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

(গ) তোমার কলেজের আইডেন্টিটি কার্ড হারিয়ে গেছে। বিষয়টি নিয়ে কলেজের অফিসে সংশ্লিষ্ট ব্যক্তির সঙ্গে প্রাতিষ্ঠানিক সম্ভাষণ ও কথোপকথন প্রস্তুত করো।

(ঘ) তুমি একটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদের জন্য আবেদন করেছো। সেই সাক্ষাৎকার প্রদানের একটি খসড়া লেখো।

(ঙ) 'পড়াশুনার পাশাপাশি খেলাধূলা সমান গুরুত্বপূর্ণ' — এই বিষয়ে একটি দলবদ্ধ আলোচনা (কমপক্ষে চারজন) প্রস্তুত করো।

৪। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×১ = ১২

(ক) বাংলা সাহিত্যের যে-কোনো একজন প্রতিষ্ঠিত লেখকের সাক্ষাৎকার গ্রহণ করো।

(খ) 'অনলাইন শিক্ষাব্যবস্থা মূল শিক্ষাব্যবস্থাকে ব্যাহত করেছে' — বিষয়টির পক্ষে ও বিপক্ষে তিনজন করে বক্তার বক্তব্য সহযোগে একটি বিতর্কসভার খসড়া প্রস্তুত করো।

——×——



Maynaguri College Library